রেজিঃ উইথ এ/ডি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩.৫২২

তারিখ: ০৮-০৯- ১৪৩১ বঙ্গাব্দ
২৩-১২-২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বিগত ১১-০৫-২০২৩ খ্রিঃ তারিখ হতে (দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা এবং জনাব মোঃ ছানাউল্লাহ সরকার, অফিস সহায়ক (অবসরপ্রাপ্ত), পিএমইউ ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা'র নিকট হতে সরল বিশ্বাসে ০৫ জন সাক্ষীর সম্মুখে ৮,৫০,০০০/ (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ধার নেন এবং সমুদয় টাকা ২৯-০৬-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ করার কথা স্বীকার করে ৩০০ টাকা ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্রে আবদ্ধ হয়ে স্বাক্ষর করতঃ উক্ত টাকা গ্রহণ করেন। আপনি অদ্যাবধি) স্বীয় কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং উক্ত টাকা জনাব মোঃ ছানাউল্লাহ সরকার, অফিস সহায়ক (অবসরপ্রাপ্ত)কে ফেরৎ প্রদান করেন নি যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী কর্তব্যে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও প্রতারণার পর্যায়ে পড়ে যা সুষ্ঠু নিয়ম শৃংখলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩১৭; তারিখঃ ২৬.০৯.২০২৩ খ্রি: মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৫.২৩-৩৯৩; তারিখঃ ০৭.১১.২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চুড়ান্ড়ভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

23/12/2024

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

[অঃপৃঃদ্রঃ]

E:\Quddus\Showcause.docx21

প্রাপকঃ

১। জনাব মোহাম্মদ আরিফুর রহমান, অফিস সহায়ক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ।

২। জনাব মোহাম্মদ আরিফুর রহমান, পিতা-মোঃ আজিজুল্লাহ
মহল্লা- ধলপুর, বাড়ি নং-৬০/৯/F-খ
জনাব খালেকুজ্জামান গলি, আদর্শ নগর মসজিদ সংলগ্ন
জনাব সফিকদের বাড়ি (৫ম তলা), যাত্রাবাড়ি, ঢাকা।

৩। জনাব মোহাম্মদ আরিফুর রহমান
পিতা-মোঃ আজিজুল্লাহ
গ্রাম-পশ্চিম কেরোয়া, ডাকঘর- হাজীবাড়ী
থানা- রায়পুর, জেলা-লক্ষ্মীপুর

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।